ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৪৫

খোয়াই, ২৯ অক্টোবর, ২০২৫

**পি এম জনমন ঃ খোয়াই জেলায় ৬২৭টি জনজাতি পরিবারকে ঘর প্রদান**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে জেলার অন্তর্গত বিভিন্ন ব্লক এলাকায় এখন পর্যন্ত ৬২৭টি সুবিধাভোগী জনজাতি পরিবারকে পি এম জনমন প্রকল্পে পাকা ঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। এরমধ্যে মুঙ্গিয়াকামী ব্লকের ৬০৬টি জনজাতি পরিবারকে, পদ্মবিল ব্লকে ১টি পরিবারকে, তেলিয়ামুড়া ব্লকে ১টি পরিবারকে ও তুলাশিখর ব্লকের ১৯টি জনজাতি পরিবারকে পাকা ঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। প্রতিটি পাকা ঘর নির্মাণে ২ লক্ষ টাকা করে ব্যয় হয়েছে। খোয়াই জেলা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****